# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯,
০২২২৩৩৫৮৬৮১
ই-মেইল: dgmsme@krishibank.org.bd;


নং-বিকেবি-প্রকা-ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-১১(৩)/২০২২-২০২৩/১৭২৫(১২৫০) তারিখঃ ১৬/০১/২০২৩

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : 'স্টার্ট-আপ' উদ্যোগ/প্রকল্পের অনুকূলে স্টার্ট-আপ ফান্ড হতে ঋণ/বিনিয়োগ প্রদান নিশ্চিতকরণ প্রসঙ্গে ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট এর এসএমই এসপিডি সার্কুলার নং-০৪, তারিখ-২৯/০৩/২০২১ এবং এসএমই এসপিডি সার্কুলার লেটার নং-০৪, তারিখ-১৯/০৪/২০২১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যা অত্র বিভাগের পত্র সূত্র নং-২৩৮৭(১২৫০), ২৪২৮ (১২৫০), তারিখ যথাক্রমে ১২/০৪/২০২১, ২১/০৪/২০২১ মূলে জারী করা হয়েছে।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত সার্কুলার এবং সার্কুলার লেটার মোতাবেক 'স্টার্ট-আপ' উদ্যোগ/প্রকল্পে অর্থায়নের নীতিমালা এবং পুনঃঅর্থায়ন প্রাপ্তির ক্ষেত্রে অনুসৃত নির্দেশনাসমূহ জারী করা হয়েছে। এছাড়াও অত্র বিভাগের পত্র সূত্র নং-১০০২(১২৫০), তারিখ-১৭/১০/২০২২ মূলে ঋণ বিতরনের নির্দেশনা প্রদান করা হলেও অদ্যবধি অত্র ব্যাংক কর্তৃক 'স্টার্ট-আপ' উদ্যোগ/প্রকল্পে কোনরূপ অর্থায়ন করা সম্ভব হয়নি। বাংলাদেশ ব্যাংকের গভর্ণর মহোদয়ের সভাপতিত্বে তফসিলি ব্যাংকের প্রধান নির্বাহীগণের সাথে অনুষ্ঠিত ব্যাংকার্স সভায় প্রত্যেক ব্যাংক কর্তৃক স্টার্ট-আপ ফান্ড সুবিধার আওতায় অর্থায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়েছে ।

০৩। এমতাবস্থায়, 'স্টার্ট-আপ' উদ্যোগ/প্রকল্পে অর্থায়নের নীতিমালা এবং নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত 'স্টার্ট-আপ ফান্ড' নামে ৫০০ (পাঁচশত) কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল এর আওতায় অত্র ব্যাংকের প্রতিটি বিভাগীয় কার্যালয়ের (স্থানীয় মুখ্য কার্যালয়সহ) আওতাধীন প্রতি বছর অন্তত ০১ (এক) জন গ্রাহকে অর্থায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০৪। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা পরিপালন বিষয়ক বিধায় বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১৬/০১/২০২৩

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

নং-বিকেবি-প্রকা-ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-১১(৩)/২০২২-২০২৩/১৭২৫(১২৫০) তারিখঃ ১৬/০১/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখাসমূহ
০৮। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় সমূহ
০৯। নথি/মহানথি।

১৬/০১/২০২৩

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক